

B.A. 4th Semester (Honours) Examination, 2022 (CBCS)

Subject: Bengali

Course: CC-8

Time: 3hrs.

Full Marks: 60

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২x১০ =২০

- ক) 'নির্ঝরের স্বপ্নভঙ্গ' কবিতাটি কোন কবি-সংকলনের কবিতা? কবিতাটি কবি কোথায় বসে লেখেন?
- খ) 'মেঘদূত' কবিতায় উল্লিখিত দুটি নদী ও দুটি নগরের নাম লেখো।
- গ) 'বিদ্যাই দুর্লভ শুধু, প্রেম কি হেথায়/ এতই সুলভ?'—কোন কবিতার অংশ? বক্তা কে?
- ঘ) 'ভগবন/ নাহি জানি কী গোত্র আমার।'—বক্তা কে? কাকে 'ভগবন' বলে সম্বোধন করা হয়েছে?
- ঙ) 'হারিয়ে যাওয়া'—কবিতাটি রবীন্দ্রনাথের কোন কবি-সংকলনের কবিতা? কবিতায় উল্লিখিত ছোট্ট মেয়েটির নাম কী?
- চ) 'কী আছে দেখিই-না'—সব-তাতে এই তার লোভ।'— কোন কবিতার অংশ? কার সম্পর্কে এ-কথা বলা হয়েছে?
- ছ) 'পৃথিবী' কবিতাটি কোন কবি-সংকলন থেকে নেওয়া হয়েছে? কবিতাটির প্রথম চরণ উদ্ধৃত করো।
- জ) 'অধরা আবার ডাকে সুধা সংকেতে;'—কোন কবিতার অংশ? কাকে 'অধরা' বলা হয়েছে?
- ঝ) 'সংগতি' কবিতাটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল? এটি কবির কোন কবি-সংকলনের অন্তর্গত?
- ঞ) 'হারিয়ে' কবিতায় কারা পরস্পরের মুখোমুখি চেয়ে থাকে? এই কবিতার শেষ পঙ্ক্তিটি লেখো।
- ট) 'শিহরায় দেওদার বন।' অংশটি কোন কবিতার? এটি কোন মূলকবিতা থেকে নেওয়া হয়েছে?
- ঠ) 'রক্তের লাল দর্পণে মুখ দেখে ভস্মলোচন।'—ভস্মলোচন সম্পর্কে লেখো।
- ড) 'কখনো তোমার ক'রে তোমাকে ভাবিনি।'— 'তোমার ক'রে ভাবা' বলতে কবি কী বুঝিয়েছেন?
- ঢ) 'এ-সবই আমার পুরনো পোশাক'—পুরনো পোশাকগুলো কী কী?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫x৪=২০

- ক) 'সেথা কে পারিত /লয়ে যেতে তুমি ছাড়া'—কোন কবিতার পঙ্ক্তি? এখানে 'তুমি' কে? কোথায় যাওয়ার কথা বলা হয়েছে, সংক্ষেপে লেখো।
- খ) 'অব্রাহ্মণ নহ তুমি তাত।' কে কাকে এ-কথা বলেছেন? বক্তা কেন এ-কথা বলেছেন?
- গ) 'মনে হল আকাশ-পানে চেয়ে'—কোন কবিতার অংশ? আকাশ-পানে চেয়ে কবির কী, কেন মনে হল?
- ঘ) 'তেমনি দেখেছি তারে অন্ধকারে'—কবি কাকে দেখেছেন? এই দেখার বিশেষত্ব আলোচনা করো।
- ঙ) 'কোটি মন্বন্তরে/ আমি ভুলিব না'—কোন কবিতার অংশ? অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।
- চ) 'আমি যেন সেই বাতিওয়ালা'—এটি কোন কবি-সংকলনের কোন কবিতার অংশ? কেন কবি নিজেকে বাতিওয়ালা বলেছেন?

৩। নিচের প্রশ্নগুলির উত্তর দাও :

১০x২ =২০

ক) 'দুই পাখি' কবিতার নামকরণের সার্থকতা বিচার করো। কবিতাটি কোন কবি-সংকলনের অন্তর্গত?

অথবা

'সে ক্রটি আমারই' এই 'ক্রটি'র আলোকে 'ছেলেটা' কবিতাটি বিশ্লেষণ করো। কবিতাটি কোন ছন্দে লেখা?

খ) 'মানুষ' কবিতায় মানুষের শ্রেষ্ঠত্ব প্রতিষ্ঠিত হয়েছে'---আলোচনা করো। কবিতায় উল্লিখিত দু'জন ঐতিহাসিক ব্যক্তিত্বের নাম লেখো।

অথবা

চিরন্তন পিতৃ-হৃদয়ের আকুতি ধ্বনিত হয়েছে 'বাবরের প্রার্থনা' কবিতায়। --আলোচনা করো। কবিতাটি কোন কবি-সংকলনের অন্তর্গত?